

**জনতা ব্যাংক লিমিটেড**  
**হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট**  
**প্রধান কার্যালয়, ঢাকা**

১১/৩/১০

**নিয়োগ বিজ্ঞপ্তি**

জনতা ব্যাংক লিমিটেড এর পাবলিক রিলেশন ডিপার্টমেন্টের জন্য নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য মেধাবী, কর্মোদ্যমী এবং সাংবাদিকতা ও গণসংযোগে শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	চীফ পাবলিক রিলেশন অফিসার (ডিজিএম পদমর্যাদার) বেতনস্কেল-২৯০০০- ১১০০X৬-৩৫৬০০	০১	সর্বোচ্চ ৫২ বৎসর	<b>যোগ্যতা :</b> ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সাংবাদিকতা ও গণসংযোগ বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বৎসরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম বিভাগ বা শ্রেণী (সমমানের সিজিপিএ)। কোন তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়। <b>অভিজ্ঞতা :</b> ক) কোন বহুজাতিক/প্রতিষ্ঠিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে পাবলিক রিলেশন অফিসার হিসেবে ন্যূনতম ১০(দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) পাবলিক রিলেশন অফিসার হিসেবে দেশী/বিদেশী কোন খ্যাতনামা প্রতিষ্ঠান থেকে সম্মাননা কিংবা পুরস্কার পেয়ে থাকলে অগ্রাধিকার দেয়া হবে। গ) পাবলিক রিলেশন বিষয়ে দেশে/বিদেশে অনুষ্ঠিত কোন ট্রেনিং এ অংশগ্রহণ করে থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে অগ্রাধিকার দেয়া হবে। ঘ) জাতীয় প্রেস ক্লাবের সদস্য হলে অগ্রাধিকার দেয়া হবে।
২	পাবলিক রিলেশন অফিসার (এজিএম পদমর্যাদার) বেতনস্কেল-২৫৭৫০- ১০০০ X৮-৩৩৭৫০	০১	সর্বোচ্চ ৫০ বৎসর	<b>যোগ্যতা :</b> ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সাংবাদিকতা ও গণসংযোগ বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বৎসরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী এবং অন্যান্য একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম বিভাগ বা শ্রেণী (সমমানের সিজিপিএ)। কোন তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়। <b>অভিজ্ঞতা :</b> ক) কোন বহুজাতিক/প্রতিষ্ঠিত/খ্যাতনামা প্রতিষ্ঠানে পাবলিক রিলেশন অফিসার হিসেবে ন্যূনতম ৭(সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) পাবলিক রিলেশন অফিসার হিসেবে দেশী/বিদেশী কোন খ্যাতনামা প্রতিষ্ঠান থেকে সম্মাননা কিংবা পুরস্কার পেয়ে থাকলে অগ্রাধিকার দেয়া হবে। গ) পাবলিক রিলেশন বিষয়ে দেশে/বিদেশে অনুষ্ঠিত কোন ট্রেনিং এ অংশগ্রহণ করে থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে অগ্রাধিকার দেয়া হবে। ঘ) জাতীয় প্রেস ক্লাবের সদস্য হলে অগ্রাধিকার দেয়া হবে।

বিঃদ্রঃ শ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষামন্ত্রণালয়ের ০২ জুন, ২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)৫৮২ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবে।

শর্তাবলী :-

০১। আবেদনকারীদের জনতা ব্যাংক লিমিটেড এর ওয়েবসাইট [www.janatabank-bd.com](http://www.janatabank-bd.com) হতে আবেদন পত্রের নমুনা সংগ্রহ করে অথবা সাদা কাগজে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ করে আগামী ৩১/০৩/২০১০ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক-এইচআরডি, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে ডাক/কুরিয়ার যোগে আবেদন পত্রপ্রেরণ করতে হবে।

জীবন বৃত্তান্তে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ করতে হবে :

Name, Father/Husband's Name, Mother's Name, Present/Contact Address(with Mobile Number), Permanent Address, Date of Birth, Age on 31/03/2010, Home District, Marital Status, Nationality, National I.D Card No., Educational Qualification(With Name of Examination & Board/Universities, Year of Passing, Achieved Division /Class / CGPA), Experience ,Enclosed DD/Pay Order No with Date, Applicant's Signature and date.

- ০২। আবেদন পত্র ও খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৩। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত সনদ পত্রাদি সংযুক্ত করতে হবে :-
- ক) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
  - খ) সম্প্রতি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটো।
  - গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি/ নাগরিকত্বের সনদপত্র।
  - ঘ) অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
- ০৪। বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে দেশের সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- ০৫। প্রার্থীদের প্রতিযোগিতামূলক লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তবে পরীক্ষায় অংশগ্রহণকারীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত তারিখের মধ্যে উক্ত আবেদন পত্র অত্র ব্যাংকে পৌঁছাতে হবে।
- ০৭। আবেদন পত্রের সাথে 'জনতা ব্যাংক লিমিটেড' এর অনুকূলে ইস্যুকৃত ৩০০/- (তিন'শ) টাকার পেঅর্ডার/ড্রাফট (অফেরতযোগ্য) জমা দিতে হবে।
- ০৮। ক্রটিপূর্ণ, অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সমূহ বাতিল বলে গণ্য হবে।
- ০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন আবেদন পত্র বাতিলসহ এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া সংশোধন বা বাতিলের অধিকার সংরক্ষণ করে।

মোঃ আবু বকর সিদ্দিক  
মহাব্যবস্থাপক